বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

সিটিজেন চার্টার

(ভিসার ক্ষেত্রে)

বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ বিদেশি নাগরিকদের মোট ৩৩ টি শ্রেণিতে ভিসা প্রদান করে থাকে, পরবর্তীতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর প্রযোজ্য ক্ষেত্রে উক্ত শ্রেণির ভিসাগুলির মেয়াদ বৃদ্ধি করে থাকে। মেয়াদ বৃদ্ধির জন্য প্রথমতঃ (ক) দুইকপি ছবিসহ দুই প্রস্থ ভিসার আবেদনপত্র পূরণ করতে হবে। (খ) আবেদনকারীর ছবি ও ব্যক্তিগত বিবরণীর পৃষ্ঠা, সর্বশেষ ভিসা ও সর্বশেষ আগমণী সিলের ফটোকপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

ভিসা প্রাপ্তি এবং ইস্যুকৃত ভিসার মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত সেবাসমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	ভিসার শ্রেণি	ভিসা প্রাপ্তির যোগ্যতা	আগমন/ভ্রমণের উদ্দেশ্য	ভিসার মেয়াদ বৃদ্ধির জন্য যেসব কাগজপত্র দাখিল করতে হবে	সেবা প্রদানের সময়সীমা
০১	এ	রাষ্ট্রপ্রধান/সরকারপ্রধান/মন্ত্রী/ প্রতিমন্ত্রী/উপমন্ত্রী আঞ্চলিক পরিষদ সদস্য/মেয়র/ সমপদমর্যাদা সম্পন্নব্যক্তি এবং সফরসঙ্গী ঝড়ড়ংব ও পরিবারের উপর নির্ভরশীল অন্যান্য সদস্য।	সরকারি/দাপ্তরিক দায়িত্ব পালন (Official duty)	Note Verbal এর ভিত্তিতে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় মেয়াদের জন্য প্রযোজ্য ভ্রমণ সুবিধাসহ ভিসা প্রদান করবে।	পররাষ্ট্র মন্ত্রণালয় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।
০২	এ-১	সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত শাসিত সংস্থার কর্মকর্তা/সরকারি প্রতিনিধি দলের সদস্য এবং সফরসঙ্গী ঝড়ড়ংব ও পরিবারের উপর নির্ভরশীল সন্তান।	সরকারি/দাপ্তরিক দায়িত্ব পালন (Official duty)	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/আয়োজক সংস্থার সুপারিশের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর মেয়াদ ভিসার মেয়াদে বৃদ্ধি করবে।	০৫(পাঁচ) কর্মদিবস।
০৩	এ-২	জাতিসংঘ ও তার অঙ্গসংগঠন, আন্তর্জাতিক/আঞ্চলিক সংস্থা/অফিসে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী।	চাকুরি/দাপ্তরিক দায়িত্ব পালন	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সুপারিশ ও আন্তর্জাতিক কনভেনশনে বর্ণিত শর্তাবলী অনুসারে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ নিয়োগের পূর্ণ মেয়াদে বা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর যা কম হবে ভিসার মেয়াদে বৃদ্ধি করবে। এক্ষেত্রে এসবিতে রিপোর্ট/রেজিস্ট্রেশন করা ও নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের শর্তটি প্রযোজ্য হবে না।	০৫(পাঁচ) কর্মদিবস।
০৪	এফএ-	এ-২ শ্রেণিতে আগতের Spouse	এ-২ শ্রেণিতে আগতের	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট	০৫(পাঁচ)

	২	ও পরিবারের উপর নির্ভরশীল অন্যান্য সদস্য।	সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	সংস্থার সুপারিশের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ এ-২ শ্রেণিতে আগত ব্যক্তির সমমেয়াদী ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	কর্মদিবস।
০৫	এ-৩	বাংলাদেশ সরকারের সঙ্গে উন্নয়ন সহযোগী সংস্থার মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক /বহুপাক্ষিক চুক্তির আওতায় প্রকল্পে নিয়োজিত বিশেষজ্ঞ/পরামর্শক/কর্মকর্তা-কর্মচারী/শ্রমিক।	চাকুরি/দাপ্তরিক দায়িত্ব পালন।	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ /সরকারি সংস্থার সুপারিশ, নিরাপত্তা ছাড়পত্র এবং সংস্থার সঙ্গে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ নিয়োগের পূর্ণ মেয়াদে বা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর যা কম হবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	০৭(সাত) কর্মদিবস (প্রয়োজনীয় ডকুমেন্ট দাখিল সাপেক্ষে)।
০৬	এফএ-৩	এ-৩ শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	এ-৩ শ্রেণিতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সুপারিশ, পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন এবং সংস্থার সঙ্গে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এফএ-৩ শ্রেণিতে আগত ব্যক্তির সমমেয়াদী ভিসা প্রদান করবে।	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ০৭(সাত) কর্মদিবস এবং স্ত্রী ও প্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
০৭	বি	ব্যবসায়ী/ব্যবসায়ী প্রতিনিধি	ব্যবসা-বানিজ্য	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর স্থানীয় স্পন্সরের সুপারিশ ও সন্তোষজনক পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে প্রতিভ্রমণে প্রয়োজনীয় সংখ্যক ভ্রমণ সুবিধাসহ ০৬ (ছয়) মাসের অবস্থান শর্তে ৩ (তিন) বছর মেয়াদে ভিসা বৃদ্ধি করতে পারবে। তবে এ শ্রেণিতে আগত ব্যক্তির প্রার্থিত ভিসা বৃদ্ধির মেয়াদ আগমনের তারিখ হতে ০৬ (ছয়) মাস বা তার কম হলে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হরে না। ব্যবসা-বানিজ্য সংক্রান্ত কাজে একাধিকবার বাংলাদেশে আগমন করলে যথাযথ নিয়ম-কানুন মোতাবেক ব্যবসা/বানিজ্যের কাজ সম্পাদন করেছেন মর্মে প্রমাণপত্র/প্রত্যয়নপত্র থাকলে তা লিপিবদ্ধ করত: একই শর্তে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।

Department of Immigration & Passports
পাসপোর্ট PASSPORT
Government of the people's Republic of Bangladesh
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

০৮	সি	বিমান/জাহাজ/অন্যান্য পরিবহন খাতে নিয়োজিত আর্ন্তজাতিক রুটে চলাচলকারী ক্রু।	পেশাগত দায়িত্ব পালন।	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে প্রয়োজন অনুসারে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর একই শর্তে আরও তিন বছর পর্যন্ত বহুভ্রমণ সুবিধায় ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	০৭(সাত) কর্মদিবস।
০৯	ডি	রাষ্ট্রদূত/কূটনৈতিক/কনস্যুলার অফিসার এবং সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং তাদের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	দাপ্তরিক দায়িত্ব পালন	Note Verbal এর ভিত্তিতে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় মেয়াদের জন্য প্রযোজ্য ভ্রমণ সুবিধাসহ ভিসা প্রদান করতে পারবে। ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে পররাষ্ট্র মন্ত্রণালয়/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বৃদ্ধি করবে।	পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
১০	এনডি	এ, এ-২ এবং ডি-শ্রেণিভুক্তদের ব্যক্তিগত স্টাফ এবং Nondiplomatic Staff এবং তাদের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	এ, এ-২ এবং ডি শ্রেণিতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বাহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে আবেদন করতে হবে এবং পাসপোর্ট আধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় মেয়াদে ভিসা বৃদ্ধি করবে।	০৩(তিন) কর্মদিবস।
১১	ডি এ	এ, এ-২ এবং ডি-শ্রেণিতে আগতের Domestic aid	এ, এ-২ এবং ডি-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বহিরাগমন ও পাসপোর্ট আধিদপ্তরে আবেদন করতে হবে এবং পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বৃদ্ধি করবে।	০৫(পাঁচ) কর্মদিবস।
১২	ই	ক)সরকারি/আধাসরকারি/স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে/প্রকল্পে এবং সমশ্রেণির প্রতিষ্ঠানে নিয়োজিত বিশেষজ্ঞ/পরামর্শক চাকুরিজীবি। খ) দেশি/বিদেশি সরকারি/ বেসরকারি/লিয়াজো/শিল্প বানিজ্যিক প্রতিষ্ঠান এবং সমশ্রেণীর প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত/নিয়োজিত চাকুরিজীবি। গ)দেশি/বিদেশি, সরকারি/বেসরকারি ঠিকাদারী সমশ্রেণির প্রতিষ্ঠানে নিয়োজিত চাকুরিজীবি।	চাকুরি/সেবা প্রদান।	ক) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে নিয়োগকারী প্রতিষ্ঠানের সুপারিশ, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ কার্যানুমতির পূর্ণকালীন মেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করবে। দ্বিতীয় দফায় ভিসার মেয়াদ বৃদ্ধির আবেদন করলে সন্তোষজনক আবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ কার্যানুমতির পূর্ণকালীন মেয়াদে অথবা ০৩ (তিন) বছর, যা কম হবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করবে। খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে একই পেশায় তিন বছরের অধিক সময়ে কর্মরত থাকার কারণে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক কার্যানুমতি নবায়ন করা হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতির প্রয়োজন হবে না। বেপজা/বিনিয়োগ বোর্ড/এনজিও বিষয়ক ব্যুরো	১০(দশ) কর্মদিবস (প্রয়োজনীয় ডকুমেন্ট প্রাপ্তি সাপেক্ষে)।

				কার্যানুমতি নবায়নের সময় একই পেশায় চাকুরি করার উপযুক্ততা, কর্মদক্ষতা, নিরাপত্তা ছাড়পত্র, আয়কর পরিশোধ সম্পর্কিত সনদ প্রভৃতি বিষয়গুলি পরীক্ষা-নিরিক্ষা করবে।	
১৩	এফ ই	ই-শ্রেণিতে আগত ব্যক্তির ঝড়ড়ুংব ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	ই-শ্রেণিতে আগত ব্যক্তির সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ১০(দশ) কর্মদিবস, প্রাপ্ত বয়স্ক সন্তান ও স্ত্রীর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি স্বাপেক্ষে।
১৪	ই-১	যন্ত্রপাতি এবং সফটওয়্যার সরবরাহ/স্থাপন/রক্ষণাবেক্ষণ/ তত্ত্বাবধান/প্রকল্প পরিদর্শন এবং এ জাতীয় কাজে আগত ব্যক্তি।	যন্ত্রপাতি এবং সফটওয়্যার সরবরাহ/স্থাপন/রক্ষণাবেক্ষণ/ প্রশিক্ষণ/তত্ত্বাবধান/প্রকল্প পরিদর্শন ইত্যাদি।	যন্ত্রপাতি সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তিনামা, স্থানীয় স্পন্সরের সুপারিশ ও পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ০১ (এক) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে। তবে এর অতিরিক্ত সময়ের জন্য ভিসার মেয়াদ বৃদ্ধি করতে হলে কার্যানুমতির প্রয়োজন হবে এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কার্যানুমতির মেয়াদকাল পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে
১৫	FEI-শ্রেণি (নতুন)	EI-শ্রেণিতে আগত বিদেশিদের Spouse বা পরিবারের সদস্যবৃন্দ		EI-শ্রেণিতে আগত ব্যক্তির ভিসার মেয়াদ বৃদ্ধি করা হলে FEI-শ্রেণিতে আগত ব্যক্তি/ব্যক্তিবর্গের ভিসার মেয়াদ পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে সমমেয়াদে বৃদ্ধি করা যাবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।

Department of Immigration & Passports
Government of the people's Republic of Bangladesh
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

১৬	জে	বিদেশি সংবাদপত্র/বেতার /টিভি/বার্তা সংস্থা/স্যাটেলাইট মিডিয়া ইত্যাদিতে আগত সাংবাদিক/মিডিয়া প্রতিনিধি বা ফ্রি ল্যান্স সাংবাদিক প্রভৃতি।	পেশাগত দায়িত্ব পালন।	এককালীন সল্পমেয়াদে বিশেষ কোন দায়িত্ব পালনের উদ্দেশ্যে আগমনেচ্ছু বিদেশি পত্রিকা বা মিডিয়ার প্রতিনিধি বা সাংবাদিকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কতৃপক্ষ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগ এর অনাপত্তি সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যক্তিকে সর্বোচ্চ ০১ (এক) মাসের ভিসা প্রদান প্রদান করতে পারবে। ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিপ্রচার অনুবিভাগ এর সুপারিশ, BOI এর কার্যানুমতি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে কার্যানুমতির মেয়াদ অথবা ০৩ (তিন) বছর, যা কম হবে, বহুভ্রমণ সুবিধায় বহিরাগমন ও পাসপোর্ট আধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	০৭(সাত) কর্মদিবস (প্রয়োজনীয় ডকুমেন্ট প্রাপ্তি সাপেক্ষে)।
১৭	এফ জে	জে-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	জে-শেনিতে আগতের সফরসঙ্গি হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ জে শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
১৮	এম	মিশনারীবৃন্দ/ধর্মগুরু		ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট ধর্মীয় মিশন/প্রতিষ্ঠান প্রদত্ত সুপারিশ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট আধিদপ্তর প্রতি দফায় ০১ (এক) বছরের বহুভ্রমণসহ ভিসার মেয়াদ বৃদ্ধি করবে, তবে ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কার্যানুমতির প্রয়োজন হবে না।	১০(দশ) কর্মদিবস (প্রয়োজনীয় ডকুমেন্ট প্রাপ্তি সাপেক্ষে)।
১৯	এফ এম	এম-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	এ শ্রেণিতে আগতের সফরসঙ্গি হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগত ব্যক্তির সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ১০(দশ) কর্মদিবস, প্রাপ্ত বয়স্ক সন্তান ও স্ত্রীর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
২০	এন	নিবন্ধনভুক্ত এনজিও-তে	চাকুরি/সেবা প্রদান	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে NGO ব্যুরোর কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে	১০(দশ)

Department of Immigration & Passports
পাসপোর্ট PASSPORT
Government of the people's Republic of Bangladesh
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

		নিয়োগপ্রাপ্ত ব্যক্তি।		বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কার্যানুমতির মেয়াদ কাল পর্যন্ত বহুভ্রমণসহ ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	কর্মদিবস।
২১	এফ এন	এন-শ্রেণিতে আগত ব্যক্তির Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য।	এন শ্রেনিতে আগত ব্যক্তির সফরসঙ্গি হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগত ব্যক্তির সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ১০ (দশ) কর্মদিবস, প্রাপ্ত বয়স্ক সন্তান ও স্ত্রীর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
২২	পি	ক্রীড়া সংগঠন/খেলোয়াড়/কোচ/ সাংস্কৃতিক দলের সদস্য/শিল্পী/ সাহিত্যিক এবং সমপর্যায়ভুক্ত ব্যক্তি।	পেশাগত দায়িত্ব পালন/চাকুরি।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় কার্যানুমতির মেয়াদ কাল বা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর, যা কম হবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	১০(দশ) কর্মদিবস।
২৩	এফ পি	এফ-শ্রেণিতে আগত ব্যক্তির Spouse ও পরিবারের উপর নির্ভরশীল অন্যান্য সদস্য।	পি শ্রেণিতে আগতের সঙ্গে অবস্থানের জন্য সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ১০(দশ) কর্মদিবস, প্রাপ্ত বয়স্ক সন্তান ও স্ত্রীর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
২৪	পি আই	বে-সরকারি খাতে যৌথ উদ্যোগ বা সম্পূর্ণ বিদেশি বিনিয়োগে স্থাপিত/স্থাপিতব্য শিল্প/বণিজ্যিক প্রতিষ্ঠানে বিদেশি পূঁজি বিনিয়োগকারী।	বিনিয়োগ/স্থাপিত ব্যবসা/ বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিচালনা।	ক) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বিনিয়োগের স্বপক্ষে কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও বিনিয়োগ অব্যাহত আছে এই মর্মে BOI, BEPZA এর প্রত্যয়নপত্র এবং নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের বহুভ্রমণসহ ভিসা প্রদান করতে পারবে তবে বিনিয়োগকারী তার প্রতিষ্ঠানে কর্মরত হলে কার্যানুমতিরও প্রয়োজন হবে। খ) বাংলাদেশে কোন ভারী শিল্পে অথবা দীর্ঘমেয়াদী কোন শিল্পে/ব্যবসায় কমপক্ষে ০৫ (পাঁচ) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন মর্মে বিনিয়োগ বোর্ড/বেপজা কর্তৃক প্রত্যয়নপত্র	১০(দশ) কর্মদিবস।

				ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর উক্ত বিদেশি বিনিয়োগকারীকে “ No Visa required (N.V.R) ” এর সুবিধা প্রদান করবে।	
২৫	এফ পি আই	এফআই-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের উপর নির্ভরশীল অন্যান্য সদস্য।	পিআই-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকুল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ১০(দশ) কর্মদিবস, প্রাপ্ত বয়স্ক সন্তান ও স্ত্রীর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
২৬	আর	সরকার অনুমোদিত যেকোন সংস্থা/প্রতিষ্ঠানে গবেষণা/প্রশিক্ষণ/ইন্টার্ণশীপ এ অংশগ্রহণকারী।	গবেষণা/প্রশিক্ষণ/ইন্টার্ণশীপ ইত্যাদি	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর,সংশ্লিষ্ট মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশের বিশেষ শাখা এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে কার্যক্রমের মেয়াদকাল অথবা ০৩ (তিন) বছর, যাহা কম হবে, পর্যন্ত বহুভ্রমন ভিসা প্রদান করতে পারবে।	১০(দশ) কর্মদিবস
২৭	এফ আর	আর-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের উপর নির্ভরশীল অন্যান্য সদস্য।	আর-শ্রেনিতে আগতের সফরসঙ্গী হলে বা পরবর্তীতে আগমন করলে।	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশের বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে কার্যক্রমের মেয়াদকাল অথবা ০৩ (তিন) বছর, যাহা কম হবে, পর্যন্ত বহুভ্রমন ভিসা প্রদান করতে পারবে।	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ১০(দশ) কর্মদিবস, প্রাপ্ত বয়স্ক সন্তান ও স্ত্রীর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
২৮	এস	সরকারের অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/গবেষণারত /ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী/গবেষক	অধ্যয়ণ/গবেষণা	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ, স্পন্সরশীপ, এদেশে চাকুরিরত নয় মর্মে প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র এবং পুলিশ বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষাক্রম/ইন্টার্ণশীপের পূর্ণকালীন মেয়াদে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ ভিসা প্রদান করবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
২৯	এসএফ	এস-শ্রেণীতে আগত ব্যক্তির Spouse ও পরিবারের উপর	এস-শ্রেনীতে আগত ব্যক্তির সফরসঙ্গী হলে বা পরবর্তীতে	ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট	অপ্রাপ্ত বয়স্ক সন্তানের ক্ষেত্রে ১০(দশ)

		নির্ভরশীল অন্যান্য সদস্য।	আগমন করলে।	অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগত ব্যক্তির সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে। * ধর্মীয় কারণে আসলে টি শ্রেণিতে ভিসার মেয়াদ ০৩ (তিন) মাস পর্যন্ত বৃদ্ধি করা যাবে।	কর্মদিবস, প্রাপ্ত বয়স্ক সন্তান ও স্ত্রীর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
৩০	টি	ক) বাংলাদেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক আছে এরূপ দেশের যে কোন ব্যক্তি খ) বেসরকারি পর্যায়ে আয়োজিত সেমিনার/কর্মশালা/শিক্ষা সফরে আগত ব্যক্তি।	ভ্রমণ/পর্যটন/আত্মীয়স্বজনের সঙ্গে সাক্ষাত/ধর্মীয় কারণ/বেসরকারি সেমিনার/কর্মশালা শিক্ষা সফর ইত্যাদি।	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সন্তোষজনক পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ০১ (এক) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
৩১	টি আই	তাবলীগ জামাতে অংশগ্রহণের জন্য আগত ব্যক্তি।	ধর্মীয় কারণ	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বাংলাদেশস্থ তাবলীগ মারকাজ/কেন্দ্রীয় তাবলীগ জামাতের সুপারিশ ও পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কোন ভ্রমণ সুবিধা ব্যতিত আগমনের তারিখ হতে সর্বোচ্চ ১৫০ (একশত পঞ্চাশ) দিন পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।
৩২	টিএফ	ক) বাংলাদেশি নাগরিকের বিদেশি Spouse ও সন্তান। খ) বাংলাদেশি বংশদ্ভোত বিদেশি নাগরিক এবং তার Spouse ও সন্তান	বাংলাদেশে অবস্থান ও ভ্রমণ	সন্তোষজনক পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে।

৩৩	টিআর	ট্রানজিট	ট্রানজিট	তৃতীয় কোন দেশে কর্মরত মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের সুপারিশ ও নিশ্চিত টিকিটের ভিত্তিতে নিজ সন্তুষ্টিক্রমে নিয়োগকালীন মেয়াদ বা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর, যা কম হবে, বহুভ্রমণ ট্রানজিট ভিসা প্রদান করতে পারবে। তবে এ ভিসার ক্ষেত্রে প্রতি দফায় অবস্থানের মেয়াদ সর্বোচ্চ ৭২ (বাহাত্তর) ঘন্টার সীমিত থাকবে।	প্রযোজ্য নহে।
৩৪	ডব্লিউ	Work and Holiday Development I Volunteers Programme এবং এ জাতীয় দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক চুক্তির আওতায় আগত এবং তাদের Spouse ও নির্ভরশীল সন্তান	চুক্তির আওতায়	ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরগামন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করবে।	০৭(সাত) কর্মদিবস।

এছাড়া বিদেশি নাগরিকদের সেবা প্রদানের জন্য নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয় ঃ

- **Issuance of Certificate of Identity to aliens.**
- **Grant of Route Change Permit (RP) to foreign nationals.**
- **Grant of Landing Permits to foreign national arriving without visa.**

ডিজিটাল সেবা

- **www.dip.gov.bd** G Web site এ গিয়ে Online G MRP জন্য Application করা যায় এবং MRP & MRV ফরম download করা যায়, MRP ও হাতেলেখা পাসপোর্ট সংক্রান্ত সকল নিয়মাবলী জানা যায়, পাসপোর্ট/ভিসা ফিস, কোথায় এবং কিভাবে আবেদন করতে হবে তা জানা যায়, অফিসের ঠিকানাসহ কর্মকর্তার নাম ফোন নম্বর ইত্যাদি তথ্য পাওয়া যায় এবং পাসপোর্ট ফরম পূরণের নিয়মাবলী জানা যায়।
- www.passport.gov.bd এ Web site এ গিয়ে Online এ মেশিন রিডেবল পাসপোর্টের আবেদনপত্র জমার নিয়মাবলী জানা যায় এবং Online এ আবেদনপত্র জমা করা যায়। উল্লেখ্য Online এ আবেদনপত্র দ্রুততার সাথে প্রক্রিয়াকরণ করা হয়।
- www.visa.gov.bd এ Web site এ গিয়ে Online এ মেশিন রিডেবল ভিসার আবেদনপত্র জমার নিয়মাবলী জানা যায় এবং Online এ আবেদনপত্র জমা করা যায়।
- মোবাইল ঝগঝ এর মাধ্যমে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) সংক্রান্ত তথ্য অর্থাৎ জমাকৃত আবেদনপত্রের সর্বশেষ স্ট্যাটাস জানা যায়। SMS করার পদ্ধতি ঃ

  Type- MRP<Space>Enrolment ID No xxxxxxxxxxxxxxx Send to 6969.
- মোবাইল SMS এর মাধ্যমে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) তৈরির তথ্য আবেদনকারীকে অবহিত করা হয়।
- অধিদপ্তরের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে একটি ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে। ডাটা সেন্টারের সাথে বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আঞ্চলিক পাসপোর্ট অফিস ও বাংলাদেশ মিশনসমূহ অনলাইন নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত। এমআরপি ও এমআরভি'র আবেদনকারীদের ব্যক্তিগত তথ্য ও ইস্যু সংক্রান্ত তথ্যাদি উক্ত ডাটা সেন্টারে সংরক্ষণ করা হয়। প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত তথ্যাদি বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আঞ্চলিক পাসপোর্ট অফিস ও বাংলাদেশ মিশন হতে অনলাইনে যাচাই করা যায়।
- এমআরপি ও এমআরভি কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যে ল্যাপটপ, ডেক্সটপ কম্পিউটার, ফ্যাক্স, ফটোকপিয়ার প্রিন্টার, স্ক্যানার, সিগনেচার প্যাড, ডিজিটাল ক্যামেরা, বারকোড রিডার, আসবাবপত্র, পার্সোনালাইজেশন মেশিন ক্রয় ও ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে।
- প্রকল্প কার্যালয়ে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে।
- ৬৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস, ডিপ্লোমেটিক পাসপোর্টের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ও ৫৪ টি দূতাবাসে Enrolment Centre খোলা হয়েছে এবং উল্লিখিত অফিস হতে এমআরপি ও এমআরভি এর কার্যক্রম পরিচালিত হচ্ছে।
- বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিসসমূহে মেশিন রিডেবল ভিসা (এমআরভি) কার্যক্রম চালু করা হয়েছে।
- একটি পার্সোনালাইজেশন সেন্টার চালু করা হয়েছে। সেখান থেকে কেন্দ্রীয়ভাবে সকল বাংলাদেশি পাসপোর্ট প্রিন্ট করা হয়।
- অনলাইনে পুলিশ ভেরিফিকেশন প্রেরণের কার্যক্রম চালু করা হয়েছে।